# দিঘলিয়া উপজেলা পরিষদের আগস্ট/২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

(সভা নং-৩)

সভাপতি : খান মাসুম বিল্লাহ
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক,উপজেলা পরিষদ, দিঘলিয়া, খুলনা।

তারিখ : ২৯ আগস্ট ২০২৪, বৃহস্পতিবার

সময় : সকাল ১০:০০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।

(উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা পৃথক রেজিস্টারে সংরক্ষিত)

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় নিম্নরূপ বিষয়ভিত্তিক আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | বিগত জুলাই/২০২৪, মাসের সাধারণ সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | জুলাই/২০২৪ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদিত। | উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০২ | স্থায়ী কমিটি সমূহের সভা | উপজেলা নির্বাহী অফিসার সভায় স্থায়ী কমিটির সভা নিয়মিত হচ্ছে কিনা জানতে চাইলে সংশ্লিষ্ট অফিস সহকারী জানান যে, জুলাই/২০২৪ মাসে ০৮ টি স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণদের নিয়মিত কমিটির কার্যপত্র প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | স্থায়ী কমিটির সদস্য-সচিবগণ |
| ০৩ | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত | উপজেলা পরিষদের আয়-ব্যয় সংক্রান্ত হিসাব সভায় উপস্থাপন: জুলাই/২০২৪ মাসে উপজেলা পরিষদ কর্তৃক আয় ও ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করা হয় ।<br>সর্বমোট আয়- /-<br>মোট ব্যয়- /- | উপজেলা পরিষদের আয় সংশ্লিষ্ট হিসাবে জমা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট ক্যাশ বইসমূহ যথারীতি সংরক্ষণ করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার এবং সংশ্লিষ্ট অফিস সহকারী। |
| ০৪ | উপজেলা প্রকৌশলী দপ্তর | উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে কর্মচারিদের বসবাসের জন্য যে কয়েকটি সরকারি কোয়াটার রয়েছে। সেগুলো সবগুলিই বসবাস ও মেরামত অনুযোগী হয়ে পড়েছে। যে কারনে উক্ত কোয়ার্টারগুলো মেরামত করা সম্ভব হচ্ছে না। তিনি বলেন অত্র উপজেলার যে সমস্ত রাস্তাগুলির এখনো পর্যন্ত আইডি খোলা হয় নি। সে সকল রাস্তার নতুন আইডি খোলার প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে যে সকল রাস্তার আইডি খোলা হয়নি দ্রুত সে সকল রাস্তার আইড খোলার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, দিঘলিয়া খুলনা। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, সারাদেশে ডেঙ্গু রোগীর প্রাদুর্ভাব চলছে। সম্প্রতি পানিগাতী গ্রামে একজন ডেঙ্গু রোগী ধরা পড়েছে। এক্ষেত্রে তিনি আমাদের প্রত্যেকের আঙ্গিনা পরিস্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে তিনি সকলকে অনুরোধ করেন। তিনি আর বলেন বর্তমানে জরায়ু ক্যান্সারে অনেক মা মারা যায় সে বিষয়ে তিনি প্রতিটি মাকে উপজেলা হাসপাতালে এসে টেস্ট করার জন্য বলেন। তিনি আরো বলেন ক্যাম্পেইনের মাধ্যমে প্রত্যেকটি স্কুলের মেয়েদের জরায়ু ক্যান্সারের টিকা প্রদান করা হবে। তিনি আরো বলেন হাসপাতালের ভবন শীফট করা হবে। তবে এক্ষেত্রে জরুরী ওয়ার্ড শীফট করলে হাসপাতালে আগত রোগীদের সেবা প্রদান/প্রত্যাশিদের অসুবিধা হবে। সেক্ষেত্রে তিনি জরুরী বিভাগের সেবা প্রদান নিশ্চিত রাখতে উপজেলা পরিষদের পক্ষ থেকে অথবা জাইকার অর্থায়নে একটি জরুরী সেবাকক্ষ নির্মাণ করা জন্য তিনি সভায় অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে আমাদের সকলের আঙ্গিনার চারপাশ পরিস্কার পরিচ্ছন্ন রাখা এবং ক্যাম্পইনের মাধ্যমে প্রত্যেকটি স্কুলের মেয়েদের জরায়ু ক্যান্সারের টিকা প্রদানসহ হাসপাতালে আগত জরুরী বিভাগের সেবা অব্যাহত রাখার স্বার্থে সেবাকক্ষ নির্মাণ করার জন্য উপজেলা পরিষদের এডিপি/উন্নয়ণ তহবিল হতে বাজেট বরাদ্দ স্বাপেক্ষে পরবর্তী প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |
| ০৬ | উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, আগস্ট/২৪ মাসে ঘূর্ণায়মান তহবিলের বিভিন্ন প্রকল্প গ্রাম হতে আদায়কৃত টাকার পরিমান ৬,২১,৭৫০/- টাকা ঘূর্ণায়মান তহবিলের বিভিন্ন প্রকল্পের স্কীম গ্রহীতাদের নিকট থেকে অনাদায়ী অর্থের পরিমান=৯,৬১,৫১০/- টাকা যা আদায়ের লক্ষ্যে চূড়ান্ত লাল নোটিশ প্রদান করা হয়। তিনি আরো বলেন সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় সকল ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন নির্দেশনা মোতাবেক ভাতাভোগীদের যাচাই বাছাই করা হয়। যাচাই বাছাইয়ে সকল ভাতাভোগীদের উপস্থিতি প্রায় ৯৩%। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঘূর্ণায়মান তহবিলের অনাদায়ী অর্থ আদায়ের লক্ষ্যে লাল নোটিশ প্রদান করা এবং প্রত্যেক ইউনিয়নের ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশনের কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ০৫ আগস্ট বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে সরকার পতনের পর থেকে আয়তুনেছা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক বিনা ছুটিতে বিদ্যালয়ে অনুপস্থিত। তাদের অনুপস্থিত থাকার কারনে বিদ্যালয়ের দাপ্তরিক কর্মকান্ডে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক বিদ্যালয়ের কার্যপরিচালনা জন্য মাধ্যমিক শিক্ষা অফিসারকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ০৮ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, উপজেলা পরিষদের মেইন গেট নির্মাণ কাজ চলমান বিধায় উপজেলা প্রাণিসম্পদ অফিসের গেটটি প্রায় বন্ধ যার ফলে গাড়ীটি অফিসের সম্মুখে নির্মিত গ্যারেজে রাখা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় গাড়ীটি উপজেলা পরিষদের কোন গ্যারেজে রাখার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। তিনি আরো বলেন পরিষদের এডিপি বরাদ্দ সাপেক্ষে প্রাণিসম্পদ অফিসের গেটটি নতুনভাবে তৈরী করার জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাণিসম্পদের অফিসের গাড়ীটি পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবনের সম্মুখের টিন সেডে রাখাসহ প্রাণিসম্পদ অফিসের গেটটি নির্মাণের জন্য উপজেলা পরিষদ হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ও উপজেলা প্রকৌশলী দিঘলিয়া, খুলনা। |
| ০৯ | উপজেলা পরিবেশ ও বন দপ্তর | উপজেলা বন কর্মকর্তা জানান যে, মাননীয় উপদেষ্টা, পরিবেশ, বর্ন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কোন বৃক্ষ কর্তন করা যাবে না। এ ব্যাপারে বিভাগীয় বন কর্মকর্তা, | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি-বিধান মেনে দাপ্তরিক | উপজেলা পরিবেশ ও বন অফিসার, |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ মহোদয় নির্দেশ প্রদান করেছেন। পরিবেশের কোন ক্ষতি করা যাবে না। | কার্মকান্ড পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দিঘলিয়া, খুলনা। |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক অফিসার জানান যে, আগস্ট/২৪ মাসের খাদ্যশস্য বরাদ্দ না থাকায় বিতরন সম্ভব হয় না। উপকারভোগীদের প্রশিক্ষণ চলমান আছে। তিনি বলেন মা ও শিশু কর্মসূচীর নতুন উপকারভোগী করার বরাদ্দ আদেশ পাওয়া যায় নাই। চলমান উপকারভোগীর মনিটরিং চলমান আছে। তিনি বলেন উপজেলা পর্যায়ে মহিলাদের প্রশিক্ষণ প্রকল্প বন্ধ আছে। তিনি বলেন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। তিনি বলেন আগস্ট/২৪ মাসে ১১,৫৫০/- ঋণ আদায় হয়েছে। তিনি বলেন আগস্ট/২৪ মাসে নারী নির্যাতন প্রতিরোধ সেলে কোন অভিযোগ পাওয়া যায় নাই। তিনি আরো বলেন আগস্ট ২৪ মাসে ০২ টি উঠান বৈঠাক ও ০১ টি বাল্য বিবাহ বন্ধ করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি-বিধান অনুসরন পূর্বক দাপ্তরিক কর্ম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিঘলিয়া, খুলনা। |
| ১১ | উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার জানান যে, ২০২৪-২৫ রাজস্ব অর্থায়নে ৩৭০.৫০ কেজি রুই জাতীয় মাছের পোনা দিঘলিয়া উপজেলার ১১টি প্রাতিষ্ঠানিক ও ৩ টি উন্মুক্ত জলাশায়ে অবমুক্ত করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারী বিধি-বিধান অনুসরন করে প্রতিষ্ঠানের মধ্যে মাছ বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১২ | চেয়ারম্যান দিঘলিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান দিঘলিয়া ইউনিয়ন পরিষদ জানান যে, প্রতিবন্ধী ভাতা পেতে হলে আগে প্রতিবন্ধী ব্যক্তিকে আবেদন করতে হবে। প্রতিবন্ধী সনাক্ত কমিটি দ্বারা সনাক্তের পর ঐ ব্যাক্তি সুবর্ণ নাগরিক কার্ড হতে হবে। তার পর তাকে প্রতিবন্ধী ভাতার আওতাভুক্ত হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি বিধি বিধান অনুসরন করে প্রতিবন্ধী ভাতার আওতাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার দিঘলিয়া, খুলনা। |
| ১৩ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, সকল দপ্তর প্রধানকে তার দাপ্তরিক কার্যক্রম স্বচ্ছতা, জবাবদিহিতা ও জনবান্ধব কর্মকান্ড বাস্তবায়ন করার কথা বলেন। তিনি আরো বলেন এ অর্থবছরে খাত ভিত্তিক বিভাজনের বাইরে এডিপি ও উন্নয়ন তহবিলের অর্থ বিভাজন করা যাবে না। তিনি আরো বলেন এখন থেকে কৃষি অফিসার সরেজমিনে গিয়ে যাচাই করে প্রকৃত কৃষককে কৃষি অফিসের বিভিন্ন প্রণোদনা প্রদান করার কথা বলেন। তিনি বলেন প্রাথমিক শিক্ষা অফিসার প্রতি মাসে কমপক্ষে ০৩টি প্রাথমিক বিদ্যালয় সরজমিনে পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন। তিনি প্রত্যেকটি প্রাথমিক বিদ্যলয়ের শিক্ষকগণকে মোবাইল ফোন লাইব্রেরিতে রেখে ক্লাসে যাওয়ার কথা বলেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে কৃষি অফিসের বিভিন্ন প্রনোদনা যাচাই অন্তে প্রদান করা এবং প্রাথমিক বিদ্যলয় পরিদর্শন করে প্রতিবেদন জমা দেওয়া, ক্লাসে মোবাইল ফোন না নেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সকর দপ্তর প্রধানগন ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান দিঘলিয়া, খুলনা। |

**জুলাই/ ২০২৪ মাসে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিস্তারিত বিবরণ**

| মাসের নাম | ব্যয়ের বিবরণ | মোট ব্যয় |
|---|---|---|
| | ০১। উপজেলা পরিষদের এক মাসের আপ্যায়ন বাবদ = ৩০,০০০/-<br>০২। উপজেলা পরিষদের এক মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ= ৫,০০০/-<br>০৩। চেয়ারম্যান মহোদয়ের জুলাই/২০২৪ মাসের সম্মানী ও বাড়ীভাড়া = ৪৫,০০০/- | ৭৭,৬১,১৩৬/- |

CamScanner

| | | |
|---|---|---|
| | ০৪। ভাইস চেয়ারম্যানের জুলাই/২০২৪ মাসের সম্মানী = ২৭,০০০/-<br>০৫। মহিলা ভাইস চেয়ারম্যানের জুলাই/২০২৪ মাসের সম্মানী = ৩,৬০০/-<br>০৬। জনাব লিয়াকত আলী খান, মালী এর জুলাই /২০২৪ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৮৫০/-<br>০৭। জনাব স্বপন কুমার দাস, পরিচ্ছন্ন কর্মী এর জুলাই/২৪ মাসের দৈনিক মজুরী ভাতা বাবদ=১৪,৮৫০/-<br>০৮। মোঃ হাফিজুর রহমান, অফিস সহায়ক এর নামে উপজেলা পরিষদের ২ টি মিটারের বিদ্যুৎ বিল বাবদ=১৪,৯৮২/-<br>০৯। সুদিপ্ত ঘোষ জিতু, এর নামে উপজেলা পরিষদের সিসি ক্যামেরা মেরাম কাজের ০৩টি বিল একত্রে বাবদ=৬৩,০০০/-<br>১০। ২৭১০২০০০০০৯২৫ উপজেলা রাজস্ব তহবিলের অর্থ ৩০ জুন এর উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে প্রদান বাবদ=৭৪,৭১,২৬৫/-<br>১১। শেখ মারুফুল ইসলাম,চেয়ারম্যান উপজেলা পরিষদ দিঘলিয়া, খুলান এর জুলাই/২৪ মাসের ভ্রমন জনিত ভাতা বাবদ=১১,৬৬০/-<br>১২। মোঃ আলী রেজা, ভাইস চেয়ারম্যান উপজেলা পারিষদ, দিঘলিয়া, খুলনা এর জুলাই/২৪ মাসের ভ্রমন জনিত ভাত বাবদ=৬,০০০/-<br>১৩। নাসরিন আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পারিষদ, দিঘলিয়া, খুলনা এর জুলাই/২৪ মাসের ভ্রমন জনিত ভাত বাবদ=৬,০০০/-/-<br>১৪। বিপুল সরর্দার, ইলেক্ট্রশিয়ান, এল, জি, ইডি, অফিস এর নামে উপজেলা পরিষদের চত্বর লাইট হলরুমের গ্লাস ও আনুসঙ্গিক মালামাল ক্রয় বিল বাবদ=২৪,৭৮০/-<br>১৫। সুদিপ্ত ঘোষ জিতু, এর নামে উপজেলা পারিষদের ভিতরে ৫ ই আগস্ট ভাংচুড়ে সিসি ক্যামেরা নতুন ক্রয় ও মেরামত কাজের বিল বাবদ=২৩,১৪৯/- | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(খান মাসুম বিল্লাহ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
দিঘলিয়া, খুলনা।
ফোন০২৪৭৭৭৩৩৮০৫

স্মারকনং-০৫.৪৪.৮৭২৫.০০১.১১.০১১.২০- তারিখ: ২৯.০৮.২০২৪ খ্রি:

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৩। জেলা প্রশাসক, ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।
০৪। উপজেলা ................................................কর্মকর্তা, দিঘলিয়া, খুলনা।
০৫। চেয়ারম্যান, ....................................ইউপি (সকল), দিঘলিয়া, খুলনা।
০৬। জনাব ............................................ সদস্য, উপজেলা পরিষদ সাধারণ সভা, দিঘলিয়া, খুলনা।

CamScanner